# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ দরূদ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

দরূদ

১।

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ، وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ، وَعَلَى آلِ إِبْرَاهِيمَ، إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ، وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ، وَعَلَى آلِ إِبْرَاهِيمَ، فِي الْعَالَمِينَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

উচ্চারণঃ- আল্লা-হুম্মা সাল্লি আলা মুহাম্মাদিউ অআলা আ-লি মুহাম্মদ, কামা সাল্লাইতা আলা ইবরাহীমা অ আলা আ-লি ইবরাহীম, ইন্নাকা হামীদুম মাজীদ। আল্লা-হুম্মা বারিক আলা মুহাম্মাদিউ অ আলা আ-লি মুহাম্মাদ, কামা বা-রাকতা আলা ইবরাহীমা অ আলা আ-লি ইবরাহীম, ইন্নাকা হামীদুম মাজীদ।

অর্থঃ হে আল্লাহ! তুমি মুহাম্মাদ ও তাঁর বংশধরের উপর রহমত বর্ষণ কর, যেমন তুমি ইব্রাহীম ও তার বংশধরের উপর রহমত বর্ষণ করেছ। নিশ্চয় তুমি প্রশংসিত গৌরবান্বিত। হে আল্লাহ! তুমি মুহাম্মাদ ও তার বংশধরের উপর বর্কত বর্ষণ কর, যেমন তুমি ইব্রাহীম ও তার বংশধরের উপর বর্কত বর্ষণ করেছ। নিশ্চয় তুমি প্রশংসিত গৌরবান্বিত। (বুঃ ৬/৪০৮)

২।

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ، وَعَلَى أَزْوَاجِهِ وَذُرِّيَّتِهِ، كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ، وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى أَزْوَاجِهِ وَذُرِّيَّتِهِ، كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

উচ্চারণঃ আল্লাহুম্মা স্বাল্লি আলা মুহাম্মাদিউ অ আলা আওয়া-জিহী অ যুররিয়্যাতিহী কামা স্বাল্লাইতা আলা আ-লি ইবরাহীম, অ বা-রিক আলা মুহাম্মাদিউ অ আলা আযওয়া-জিহী অ যুররিয়্যাতিহী কামা বারাকতা আলা আলি ইব্রাহীম, ইন্নাকা হামীদুম মাজীদ।

অর্থঃ হে আল্লাহ! তুমি মুহাম্মাদ, তাঁর পত্নীগণ ও তার বংশধরের উপর রহমত বর্ষণ কর যেমন তুমি ইব্রাহীমের বংশধরের উপর রহমত বর্ষণ করেছ। এবং তুমি মুহাম্মাদ, তাঁর পত্নীগণ ও তাঁর বংশধরের উপর বর্কত বর্ষণ কর যেমন তুমি ইব্রাহীমের বংশধরের উপর বর্কত বর্ষণ করেছ। নিশ্চয় তুমি প্রশংসিত গৌরবান্বিত। (বুঃ ৬/ ৪০৭, মুঃ ১/৩০৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11707

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন